

শুদ্ধ ভাষার পাঠশালা

কবিতা আবৃত্তি করার নিয়ম

কবিতা আবৃত্তি শেখার নিয়ম-কানুন:

আবৃত্তি একটি শিল্প। নাচ, গান ইত্যাদি করতে যেমন চর্চা বা সাধনা করতে হয়; তেমনি কবিতা আবৃত্তি করতেও সাধনা বা চর্চা করতে হয়। শিল্পীদের দৃষ্টিতে আবৃত্তি করা কঠিন বিষয়।

কারণ, একজন নৃত্য শিল্পী যখন নৃত্য করে তখন দর্শকের দৃষ্টি থাকে শিল্পীদের ড্রেসআপ, নাচ, এক্সপ্রেসন, গান ও বাদ্যযন্ত্রের উপর। ঠিক তেমন সঙ্গীত শিল্পীর ক্ষেত্রেও। কিন্তু আবৃত্তি শিল্পীর একমাত্র হাতিয়ার কণ্ঠ। কণ্ঠ থেমে গেলে ব্যাকআপ দেওয়ার মতো আর কিছুই নেই।

তাই আবৃত্তি শিখতে হলে গভীর মনোনিবেশ করতে হবে। আবৃত্তি শেখার ক্ষেত্রে নিচের বিষয়গুলোর ওপর নজর দেওয়া খুবই জরুরি।

- ১। আবৃত্তি কর্মশালায় যোগ দেওয়া। এর চাইতে ভালো পরামর্শ আর একটিও নেই। কারণ কর্মশালাগুলো A - Z সব শেখায়। ওরা বলে দেবে, গাইড দিবে আবৃত্তি শেখার জন্য যা যা করতে হবে।
- ২। স্বরবর্ণ ও ব্যঞ্জন বর্ণের উচ্চারণ ভালো করে চর্চা করা। স্কুল লেভেল থেকে আমরা অনেকে ভুল উচ্চারণ শিখে এসেছি।
- ৩। প্রমিত বাংলায় শব্দের উচ্চারণ শেখা ও চর্চা করা। প্রমিত বাংলা নিয়মের কিছু বই আছে সেগুলো সংগ্রহ করে নিয়ম শেখা ও চর্চা করা যায়।
- ৪। স্বরের স্কেল শেখা, কখন স্বর উঠবে আর কখন নামবে।
- ৫। আঞ্চলিকতা পরিহার করা।
- ৬। কবিতার অর্থ বা বোধ বুঝা এবং বারবার কবিতাটি পড়া।
- ৭। আবৃত্তির স্টেজ প্রোগ্রাম দেখা।
- ৮। মুখের কিছু ব্যায়াম আছে, সেগুলো মাঝে মাঝে করা।
- ৯। প্রতিদিন সকালে গরম পানি দিয়ে গড়গড় করলে কণ্ঠ ভালো থাকে।

আরো অনেক নিয়ম-কানুন আছে। একটি আবৃত্তি চর্চার বই সংগ্রহ করলে অনেক কিছু জানতে পারবেন।

শুদ্ধ ভাষার পাঠশালা

বিশুদ্ধ বাংলা উচ্চারণ, উপস্থাপনা, বক্তৃতা ও আবৃত্তি প্রশিক্ষণমূলক প্রতিষ্ঠান